

এবার দুঃখ আমার অসীম পাথার পার হল যে, পার হল ।
 তোমার পায়ে এসে ঠেকল শেষে, সকল সুখের সার হল ॥
 এত দিন নয়নধারা বয়েছে বাঁধনহারা,
 কেন বয় পাই নি যে তার কুলকিনারা—
 আজ গাঁথল কে সেই অক্ষমালা, তোমার গলার হার হল ॥
 তোমার সাঁঝের তারা ডাকল আমায় যখন অন্ধকার হল ।
 বিরহের ব্যথাখানি খুঁজে তো পায় নি বাণী,
 এত দিন নীরব ছিল শরম মানি—
 আজ পরশ পেয়ে উঠল গেয়ে, তোমার বীণার তার হল ॥

Parjaay: Puja, Taal: Dadra, Style: Baul

Visit www.geetabitan.com for notation and other detail